



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক সেমিনার ২০২৪ অনুষ্ঠিত



১০ মার্চ ২০২৪-রবিবার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে তথ্য অধিকার বিষয়ক এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে ‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক সেমিনার ২০২৪ অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “স্বচ্ছতা, জবাবদিহিতা বজায় রাখার লক্ষ্যে তথ্য অধিকার আইনের গুরুত্ব অপরিসীম। প্রান্তিক জনগোষ্ঠী তথ্য অধিকার নিয়ে এখনও স্বাচ্ছন্দ্যবোধ করে না। তথ্য অধিকার নিয়ে কোনো উৎকণ্ঠা, ভয়ভীতি প্রয়োজন নয় এটা মূলত করা হয়েছে সাধারণ জনগণের প্রয়োজনে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী বলেন, “সাম্য, মানবিক মর্যাদা ও সুবিচার প্রতিষ্ঠায় করার



ক্ষেত্রে সাধারণ জনগণ প্রশাসনের উপর তথ্য অধিকার আইনের ব্যবহার করতে পারে।”

‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক আলোচনা করেন সেমিনারের রিসোর্স পার্সন সাবেক তথ্য কমিশনার নেপাল চন্দ্র সরকার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক মোঃ তানভীর আহসান।

আজকের সেমিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, সকল বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন দপ্তরের পরিচালক এবং দপ্তর প্রধানবৃন্দ অংশগ্রহণ করেন।